অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/26/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL CLEAN WATER, CLEAN AIR AND GREEN JOBS ENVIRONMENTAL BOND ACT তহবিলে 80 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন যা মজবুত করার উদ্যোগগুলিকে সমর্থন করবে

পুরো নিউ ইয়র্ক স্টেটে জলবায়ুর ক্ষেত্রে মজবুত করার প্রজেক্টের জন্য এখন অনুদান পাওয়া যাবে

প্রোগ্রামগুলি হ্যাবিটেট এবং ফ্লাডপ্লেইন পুনঃস্থাপন করার জন্য, অভ্যন্তরীণ বন্যা কমাতে, এবং উপকূলীয় এলাকাকে চরম আবহাওয়ার প্রভাবের বিরুদ্ধে আরো মজবুত করতে প্রজেক্টগুলিকে তহবিল দিবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করলেন যে পুরো নিউ ইয়র্ক স্টেটের (New York State, NYS) কমিউনিটিগুলির জন্য জলবায়ুর বিরুদ্ধে মজবুত করার প্রজেক্টগুলির জন্য 80 মিলিয়ন মার্কিন ডলার নতুন তহবিল পাওয়া যাবে। 4.2 বিলিয়ন মার্কিন ডলারের 2022 সালের Clean Water, Clean Air and Green Jobs Environmental Bond Act-এর মধ্যে তহবিল পাওয়া এই অনুদানগুলি প্রকৃতিভিত্তিক এবং সবুজ ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্টকে সমর্থন করবে যা বন্যার ঝুঁকি কমাতে এবং চরম আবহাওয়ার বিরুদ্ধে কমিউনিটির মজবুত হওয়াকে জোরদার করার জন্য তৈরি করা হয়েছে।

"বাড়তে থাকা ঝড় এবং অন্যান্য চরম আবহাওয়ার জরুরি অবস্থার মুখে নিউ ইয়র্ককে আরো মজবুত করা হলো আমাদের স্টেটের একটি শীর্ষ অগ্রাধিকার," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "Environmental Bond Act থেকে এখন যে 80 মিলিয়ন মার্কিন ডলার পাওয়া যাবে তার কারণে পুরো স্টেটের কমিউনিটিগুলি বন্যাপ্রবণ এলাকাগুলিকে সুরক্ষিত রাখার, ইনফ্রাস্ট্রাকচার নিরাপদ রাখার, এবং তাদের বাসা, ব্যবসা, এবং অতি গুরুত্বপূর্ণ ইন্‌ফ্রাস্ট্রাকচারের নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবে। এই বিনিয়োগগুলি শুধু ভবিষ্যতের ঝড় সহ্য করার আমাদের ক্ষমতাকে জোরদার করবে না বরং এছাড়াও ভবিষ্যৎ জেনারেশনগুলির জন্য আরো স্বাস্থ্যকর, আরো সাস্টেনেবল কমিউনিটি তৈরি করবে।"

তিনটি নতুন অনুদান প্রোগ্রামের মাধ্যমে তহবিল বিতরণ করা হবে, প্রত্যেকটির মনোযোগ থাকবে এমন অ্যাডাপ্টেশন ও উন্নয়নের উপর যা জীবনকে সুরক্ষিত রাখবে এবং ভবিষ্যতের চরম আবহাওয়ার ইভেন্ট থেকে পুনরুদ্ধারের আর্থিক চাপকে সর্বনিম্ন করবে। প্রজেক্টগুলি

জরুরি প্রস্তুতির ক্ষেত্রে একটি সক্রিয় পন্থার প্রতিনিধি, যা এমন বিনিয়োগকে অগ্রাধিকার দিবে যা জলবায়ু পরিবর্তনের ফলে হওয়া চরম আবহাওয়ার প্রভাবকে প্রশমন করবে।

তিনটি মজবুত করার সম্পর্কিত অনুদান প্রোগ্রাম হলো:

- **Resilient Watersheds Grant প্রোগ্রাম:** ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) মাধ্যমে 45 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হবে, যা Resilient NY প্রোগ্রামের সাফল্যের উপর ভিত্তি করে হবে এবং ইনফ্রাস্ট্রাকচার জোরদার করার এবং নিউ ইয়র্কবাসীকে চরম আবহাওয়ার প্রভাব থেকে রক্ষা করার জন্য স্টেটের লক্ষ্যকে অগ্রসর করবে।
- **Coastal Rehabilitation and Resilience Projects প্রোগ্রাম:** ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State, DOS) মাধ্যমে উপকূলীয় কমিউনিটিগুলির জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হবে। প্রোগ্রামটি কমিউনিটিকে আরো মজবুত করতে প্রকৃতিভিত্তিক সমাধান ব্যবহার করা প্রজেক্টগুলিকে অগ্রাধিকার দিবে যা একই সাথে পরিবেশগত, অর্থনৈতিক এবং সামাজিক সুবিধা দিবে।
- **Inland Flooding and Local Waterfront Revitalization Implementation Projects প্রোগ্রাম:** ওয়াটারফ্রন্ট এবং ওয়াটারশেডকে আরো মজবুত করবে এবং জলবায়ুর প্রভাব, বিশেষ করে বন্যা কমাবে এমন প্রজেক্টের বাস্তবায়নের জন্য DOS-এর মাধ্যমে 15 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হবে।

DEC-এর অন্তর্বর্তীকালীন কমিশনার Sean Mahar (শন মাহার) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্ব এবং ঐতিহাসিক Environmental Bond Act বিনিয়োগের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট চরম আবহাওয়ার ইভেন্টের বিরুদ্ধে কমিউনিটিকে আরো মজবুত করছে। সার্বিক এক্সিকিউটিভ বাজেট প্রস্তাবনাগুলিকে কাজে লাগিয়ে DEC এবং আমাদের স্টেটের এজেন্সি পার্টনাররা পুরো স্টেটে সার্বিক বন্যা ঝুঁকি কমানোর প্রজেক্টকে অগ্রসর করছে যা আমাদের পরিবেশকে পুনঃস্থাপিত করবে, পানির মাণ উন্নত করবে এবং কমিউনিটিগুলিকে সুরক্ষিত রাখবে।"

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (Environmental Facilities Corporation, EFC) প্রেসিডেন্ট এবং CEO Maureen A. Coleman (মরিন এ কোলম্যান) বলেন, "মিউনিসিপ্যালিটিগুলিকে চরম আবহাওয়ার ইভেন্ট থেকে তাদের অতি গুরুত্বপূর্ণ পানির ইনফ্রাস্ট্রাকচারকে সুরক্ষিত রাখতে সাহায্য করার মাধ্যমে আমরা নিউ ইয়র্কবাসীর জন্য আরো নিরাপদ, আরো স্বাস্থ্যকর, এবং আরো বাসযোগ্য ভবিষ্যতে বিনিয়োগ করছি। পুরো স্টেটে পানির মাণ সমস্যা সমাধান করতে এবং পরিষ্কার, নিরাপদ পানির সমান অ্যাক্সেস নিশ্চিত করতে গভর্নর Hochul-এর (হোকল) সমন্বিত চেষ্টাকে আরো অগ্রসর করতে DEC-এর পার্টনার হতে পেরে EFC খুশি।"

সেক্রেটারি অফ স্টেট Walter T. Mosley (ওয়াল্টার টি মোসলি) বলেন, "Environmental Bond Act হলো এম্পায়ার স্টেটের ভবিষ্যতের জন্য একটি ঐতিহাসিক ও রূপান্তরকারী বিনিয়োগ যা আগামী অনেক জেনারেশন ধরে লাভজনক হয়ে থাকবে। অতি প্রয়োজনীয় এইসব

প্রোগ্রাম ও প্রজেক্ট মানুষ ও ব্যবসার জন্য অনেক ব্যাপক অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত সুবিধা নিয়ে আসবে, জলবায়ু পরিবর্তনের আক্রমণ থেকে জীবন, জীবিকা এবং সম্পত্তিকে রক্ষা করবে এবং অতি গুরুত্বপূর্ণ হ্যাবিটেট ও ইকোসিস্টেমকে পুনঃস্থাপন করবে।"

Resilient Watersheds Grant প্রোগ্রাম
Resilient Watersheds Grant প্রোগ্রামের লক্ষ্য হলো এমন প্রজেক্ট বাস্তবায়ন করা যা কমিউনিটিকে আরো মজবুত করার জন্য একটি সার্বিক পন্থা নিয়ে থাকে। প্রতিযোগিতামূলক এই পুরো স্টেটের অনুদান প্রোগ্রামটি স্থানীয় সরকার, ইন্ডিয়ান নেশন্স (Indian Nations), কাউন্টি সয়েল ও ওয়াটার কনজারভেশন ডিস্ট্রিক্ট (County Soil and Water Conservation Districts), স্টেট এজেন্সি, এবং ননপ্রফিট কর্পোরেশনগুলির জন্য খোলা থাকবে।

প্রজেক্টগুলি বন্যার ঝুঁকি এবং বরফ জট কমানোর এবং পুনঃস্থাপনের প্রসার করবে, বন্যা ও জলবায়ুর ক্ষেত্রে আরো মজবুত করবে, প্রাকৃতিক এবং প্রকৃতিভিত্তিক ফিচার নির্মাণ, বা ইকোলজিক্যালভাবে সাস্টেনেবল প্রজেক্ট বাস্তবায়ন করবে, এবং একই সাথে রিপারিয়ান হ্যাবিটেট সমর্থন করবে। মূল্যায়নের নির্ণায়কের উপর ভিত্তি করে কত তহবিল আছে তার উপর ভিত্তি করে প্রজেক্টগুলির তহবিল দেওয়া হবে।

বিদ্যমান এবং ভবিষ্যতের Resilient NY প্রোগ্রামের স্টাডিতে সনাক্ত করা প্রজেক্টগুলি এই প্রোগ্রামের জন্য আবেদন করার যোগ্য হবে। যোগ্যতা সম্পর্কে বাড়তি তথ্য এখানে পাওয়া যাবে: ফ্লাড রিকভারি অ্যান্ড রেজিলিয়েন্স (Flood Recovery And Resilience) - NYSDEC

Coastal Rehabilitation and Resilience Projects প্রোগ্রাম
প্রোগ্রামটি এমন প্রজেক্টের বাস্তবায়নকে সমর্থন করবে যা নিউ ইয়র্ক স্টেটের উপকূলীয় (New York State Coastal) এলাকা এবং উপকূলীয় ননপয়েন্ট সোর্স (Coastal Nonpoint Source) সীমানার মধ্যের কমিউনিটিগুলির জন্য পরিবেশগত, অর্থনৈতিক, এবং সামাজিক সুবিধা দিবে এমন প্রাকৃতিক প্রক্রিয়ার উপর জোর দিয়ে আরো মজবুত করার কাজ করবে।

এই DOS প্রোগ্রাম সম্পর্কে সম্পূর্ণ তথ্য পাওয়া যাবে এখানে: https://dos.ny.gov/funding-bid-opportunities

Inland Flooding and Local Waterfront Revitalization Program Implementation Projects প্রোগ্রাম
প্রোগ্রামটি এমন বাস্তবায়ন প্রজেক্টকে সমর্থন করে যা ওয়াটারফ্রন্ট এবং ওয়াটারশেডকে আরো মজবুত করে এবং জলবায়ুর প্রভাব, বিশেষ করে বন্যা কমায়।

এই DOS প্রোগ্রাম সম্পর্কে সম্পূর্ণ তথ্য পাওয়া যাবে এখানে: https://dos.ny.gov/funding-bid-opportunities

ওয়েবিনার এবং কীভাবে আবেদন করতে হবে
12 মার্চ, 2025 তারিখে সকাল 10টা থেকে 11টা পর্যন্ত তিনটি তহবিলের সুযোগের সবগুলির জন্য DEC, DOS এবং EFC একটি ওয়েবিনার কো-হোস্ট করবে। ওয়েবিনারের জন্য রেজিস্টার করতে, এখানে ক্লিক করুন।

কনসোলিডেটেড ফান্ডিং অ্যাপ্লিকেশন (Consolidated Funding Application, CFA) পোর্টালে https://apps.cio.ny.gov/apps/cfa/ তিনটি তহবিলের সুযোগের প্রতিটির জন্য আবেদন জমা দেওয়া যাবে। 6 জুন, 2025, বিকাল 4টার মধ্যে আবেদন জমা দিতে হবে।

নিউ ইয়র্ক স্টেট স্থিতিস্থাপকতার উদ্যোগ এবং বিনিয়োগগুলোকে অগ্রসর করে চলেছে যা কমিউনিটিগুলোকে রক্ষা করতে সহায়তা করছে৷ আজকের ঘোষণাটি আরো টেকসই এবং সাশ্রয়ী ভবিষ্যতের অর্থায়নে সহায়তা করার জন্য গভর্নর Hochul (হোকল)-এর নির্বাহী বাজেটের 1 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের প্রস্তাবের পরিপূরক। এই উচ্চাকাঙ্ক্ষী প্রস্তাবনাটি হলো স্টেটের ইতিহাসের সবথেকে বড় একক জলবায়ু বিনিয়োগ, যা হাজার হাজার কর্মসংস্থান সৃষ্টি করবে, হাউজহোল্ডের জন্য এনার্জির বিল কমিয়ে দিবে এবং ক্ষতিকারক দূষণ কমাবে।

এছাড়াও আজকের ঘোষণাটি দেখায় যে কী কী উপায়ে নিউ ইয়র্ক স্টেটের চলমান প্রতিশ্রুতি অর্জন করা যেতে পারে, যা ঝড় বেড়ে যাওয়া, সমুদ্র পৃষ্ঠ উঠে যাওয়া, এবং অন্যান্য অবস্থার সম্পর্কিত সম্ভাব্য ভবিষ্যতের জলবায়ুর প্রভাব সনাক্ত ও সমাধান করতে স্থানীয় কমিউনিটিগুলির সাথে কাজ করার মাধ্যমে করা হবে। নির্বাহী বাজেটে জলবায়ু স্থিতিস্থাপকতার উদ্যোগের জন্য 108 মিলিয়ন ডলার রয়েছে যা উপকূলীয় স্থিতিস্থাপকতাকে সহায়তা করে এবং সবুজ স্থিতিস্থাপকতা অনুদানের জন্য অতিরিক্ত তহবিল এবং পরিবেশ সুরক্ষা তহবিল প্রোগ্রামগুলোর জন্য রেকর্ড পরিমান 400 মিলিয়ন মার্কিন ডলার অব্যাহত রাখে যার মধ্যে জলবায়ু প্রভাবগুলো খাপ খাইয়ে নেওয়া এবং প্রশমিত করার ব্যবস্থা রয়েছে৷ 4.2 বিলিয়ন মার্কিন ডলারের ক্লিন ওয়াটার, ক্লিন এয়ার অ্যান্ড গ্রিন জবস এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্ট পরিচালনার ক্ষেত্রেও অগ্রগতি অব্যাহত রয়েছে, যা বন্ড অ্যাক্ট তহবিলের প্রায় 1.25 বিলিয়ন ডলার বা 25 শতাংশ বরাদ্দ করেছে৷

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু এজেন্ডা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা এমন একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে একটি সাশ্রয়ী মূল্যের এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, পরিবেশ অনুকূল বিনিয়োগের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়ায় এবং তাদের সুবিধাগুলির কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে প্রদান করার জন্য নির্দেশ করে। নিউ ইয়র্ক 2050 সালের মধ্যে একটি নির্গমন-মুক্ত অর্থনীতি অর্জনের জন্য অনেক প্রচেষ্টার উন্নতি করছে, যার মধ্যে শক্তি, ভবন, পরিবহণ এবং বর্জ্য খাতগুলি অন্তর্ভুক্ত।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন